



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ৫০,০০০-৭১,২০০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ১টি শূন্য উপ-গ্রন্থাগারিক পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ এবং কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। প্রার্থীদের শিক্ষা জীবনের কোন স্তরেই কোনভাবে ৩য় বিভাগ/শ্রেণি (সমমানের জিপিএ/সিজিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম) গ্রহণযোগ্য নয়। পাবলিক/ সরকারী বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে ৯ম গ্রেড বা তদূর্ধ্ব পর্যায়ের পদে ১৪ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ছয় মাসের কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। তবে অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতকোত্তর যোগ্যতাসহ ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৫-০৪-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌছাইতে হইবে।

স-৮৩৮ (৫×৩)